

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বিআইডব্লিউটিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ বৈশাখ ১৪১১ বাং/২৯ এপ্রিল ২০০৮ইং

এস, আর, ও নং ১১৫-আইন/২০০৮—Ports Act, 1908 (Act XV of 1908), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section 1 (a) এবং (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত সীমানা সম্বলিত মীরকাদিম (মুঙ্গীগঞ্জ) নদী বন্দরের ক্ষেত্রে উক্ত আইন প্রয়োগ করিলে, যথা :—

তফসিল

(১) উত্তর সীমানা : বিজিমাউথের নিকট বুড়িগংগা নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর $৯০^{\circ}-২৭'-২৬''$ পূর্ব দ্রাঘিমাংশ;

(২) দক্ষিণ সীমানা : চরহোগলার নিকটে ধলেশ্বরী নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর $৯০^{\circ}-৩৩'-৩০''$ পূর্ব দ্রাঘিমাংশ;

(৩) বর্ণিত উত্তর ও দক্ষিণ সীমানার (limit) মধ্যে প্রবাহিত বুড়িগংগা ও ধলেশ্বরী নদীর উভয় পাড়ে/তীরে সাধারণ ভরাকটাল জোয়ারে (ordinary spring tide) প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত এবং গোপচরের নিকট শীতলক্ষা নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর $৯০^{\circ}-৩২'-১৬''$ পূর্ব দ্রাঘিমাংশ নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল জোয়ারে (ordinary spring tide) প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত;

(২৫৪৯)

মূল্য : টাকা ১.০০

(৪) ধলেশ্বরী নদী হইতে বেতকা লঞ্চ ঘাটের নিকট ইছামতি নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর $৯০^{\circ}-২৭'-৩০''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (ordinary spring tide) জেয়ারে প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলতাপের দিকে ৫০ পদ পর্যন্ত;

(৫) ধলেশ্বরী নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর $৯০^{\circ}-২৭'-০০''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (ordinary spring tide) জেয়ারে প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলতাপের দিকে ৫০ পদ পর্যন্ত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মানিক চন্দ্র দে
সিনিয়র সহকারী সচিব।